

💵 আল-লুলু ওয়াল মারজান

হাদিস নাম্বারঃ ১৭৯২

৫০/ মুনাফিক ও তাদের হুকুম (كتاب صفات المنافقين وأحكامهم) পরিচ্ছেদঃ ৫০/১৫. মু'মিনের দৃষ্টান্ত খেজুর গাছের দৃষ্টান্তের ন্যায়।

مثل المؤمن مثل النخلة

আরবী

حديث ابْنِ عُمَرَ، قَالَ: قَالَ رَسُولُ اللهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: إِنَّ مِنَ الشَّجَرِ شَجَرَةً لاَ يَسْقُطُ وَرَقُهَا وَإِنَّهَا مَثَلُ الْمُسْلِمِ فَحَدِّثُونِي، مَا هِيَ فَوَقَعَ النَّاسُ فِي شَجَرِ الْبَوَادِي (قَالَ عَبْدُ اللهِ) : وَوَقَعَ فِي نَفْسِي أَنَّهَا النَّخْلَةُ فَاسْتَحْييْتُ ثُمَّ قَالُوا: حَدِّثْنَا، مَا هِيَ يَا رَسُولَ اللهِ قَالُ: هِيَ النَّخْلَةُ

বাংলা

১৭৯২. ইবনু 'উমার (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম একদা বললেনঃ গাছগাছালির মধ্যে এমন একটি গাছ আছে যার পাতা ঝরে না। আর তা মুসলিমের উদাহরণ, তোমরা আমাকে অবগত কর সেটি কী গাছ? তখন লোকরা জঙ্গলের বিভিন্ন গাছ-গাছালির নাম ধারণা করতে লাগল। আবদুল্লাহ (রাঃ) বলেন, 'আমার ধারণা হল, সেটা হবে খেজুর গাছ। কিন্তু আমি (ছোট থাকার কারণে) তা বলতে লজ্জা পাচ্ছিলাম। অতঃপর সাহাবীগণ বললেন, হে আল্লাহর রাসূল! আপনি আমাদের বলে দিন সেটি কী গাছ? তিনি বললেনঃ তা হচ্ছে খেজুর গাছ।

ফুটনোট

সহীহুল বুখারী, পর্ব ৩: 'ইলম (ধর্মীয় জ্ঞান), অধ্যায় ৪, হাঃ ৬১; মুসলিম, পর্ব ৫০; মুনাফিক ও তাদের হুকুম, অধ্যায় ১৫, হঃ ২৮১১

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন □ বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবন উমর (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন